অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থ বছর 2024 বাজেটের অংশ হিসেবে ক্যাপিটাল প্রোজেক্টগুলির জন্য 23.2 বিলিয়ন ডলার ঘোষণা করেছেন

SUNY এবং CUNY সংস্কার, রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ প্রকল্পগুলির জন্য 2.4 বিলিয়ন ডলার অন্তর্ভুক্ত করে

রেকর্ড সৃষ্টিকারী 32.9 বিলিয়ন ডলারের DOT 5 - বছরের পরিকল্পনার দ্বিতীয় বছরের জন্য প্রায় 7.1 বিলিয়ন ডলার

নতুন ওয়াডসওয়ার্থ হেলথ ফেসিলিটিকে সম্পূর্ণ অর্থ সাহায্য করতে 1.7 বিলিয়ন ডলার

মানসিক স্বাস্থ্য আবাসন সম্প্রসারণের জন্য 890 মিলিয়ন ডলার

গভর্নর ক্যাথি হোকল আজ 2024 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্ক জুড়ে মুখ্য প্রকল্পগুলিতে 23.2 বিলিয়ন দলারের একটি মূলধনী বিনিয়োগের ঘোষণা করেছেন। এর মধ্যে রয়েছে, নিউ ইয়র্ক জুড়ে কমিউনিটিগুলিতে পরিবহন, শিক্ষা আবাসন, স্বাস্থ্য সেবা এবং অন্যান্য পরিকাঠামো প্রকল্পগুলিতে ঐতিহাসিক বিনিয়োগ।

"আমরা সকলের জন্য একটি আরো উন্নত নিউ ইয়র্ক গড়ে তোলা অব্যাহত রাখতে চাই বলে, আমাদের সেতুগুলি মেরামত করা থেকে শিক্ষা এবং স্বাস্থ্য সেবায় বিনিয়োগ পর্যন্ত, এই বাজেট আমাদের কমিউনিটিগুলির প্রয়োজনীয়তাগুলিকে অগ্রাধিকার দেয়," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের স্টেট জুড়ে মুখ্য মূলধনী প্রকল্পগুলিতে তাৎপর্য্যপূর্ণ বিনিয়োগগুলি করে, আমরা সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি আরো মজবুত, আরো প্রাণবন্ত ভবিষ্যতের ভিত স্থাপন করছি।"

স্টেটের পরিকাঠামো সংরক্ষণ ও উন্নত করার জন্য বিনিয়োগগুলিকে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি, গভর্নরের পরিকল্পনা যুক্তরাষ্ট্রীয় পরিকাঠামো তহবিলকে কাজে লাগিয়ে এবং অফসেট বন্ড ইস্যুয়েন্সের জন্য PAYGO সংস্থানসমূহকে (নগদ অর্থ) ব্যবহার করে সামর্থ্যও বজায় রাখে।

<u>অর্থবছর 2024 বাজেটের মুখ্য মূলধনী বিনিয়োগগুলির মধ্যে রয়েছে:</u>

- রেকর্ড সৃষ্টিকারী 32.9 বিলিয়ন ডলারের DOT 5 - বছরের পরিকল্পনার দ্বিতীয় বছরের জন্য প্রায় **7.1 বিলিয়ন ডলার**, যার মধ্যে রয়েছে:
  - রাস্তা এবং সেতু প্রকল্পগুলির জন্য স্থানীয় তহবিলে **1.3 বিলিয়ন ডলার**, যা গত তিন বছর ধরে অঞ্চলগুলিতে প্রদান করা তহবিলের থেকে প্রায় 80 শতাংশ বেশি।
  - ব্রঙ্কস রিভার পার্কওয়েতে ড্রাইভারদের নিরাপত্তা ও স্বচ্ছন্দ উন্নত করতে ব্রঙ্কস রিভার ব্রিজ প্রতিস্থাপনের জন্য **417 মিলিয়ন ডলার**।
  - টাউনস অফ এলমা এবং ওয়েষ্ট সেনেসায় ক্যাজেনোভিয়া ক্রিকের ওপর ইউএস রুট (US Route) 20 ব্রিজ প্রতিস্থাপনের জন্য **43 মিলিয়ন ডলার**।
  - বিভিন্ন হাডসন ভ্যালি ব্রিজ পুনঃসংস্কার এবং প্রতিস্থাপনের জন্য **51 মিলিয়ন ডলার**।

- SUNY এবং CUNY ক্যাম্পাসগুলিতে সংস্কার, রক্ষণাবেক্ষণ এবং সংরক্ষণ প্রকল্পগুলির জন্য **2.4 বিলিয়ন ডলার**।
- নতুন ওয়াডসওয়াথ হেলথ ফেসিলিটি -- অ্যালবানিতে হারিমান স্টেট অফিস ক্যাম্পাস কমপ্লেক্সে (Harriman State Office Campus Complex) একটি স্টেটের অত্যাধুনিক জনস্বাস্থ্য ল্যাবরেটরিকে সম্পূর্ণ অর্থ সাহায্য করতে **1.7 বিলিয়ন ডলার,** যা নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্যের প্রয়োজনীয়তা পূরণ করবে।
- ভবিষ্যতের জন্য একটি মজবুত স্বাস্থ্য সেবা ব্যবস্থা তৈরি করতে মূলধনী স্বাস্থ্য সেবায় **1 বিলিয়ন ডলার**।
- মানসিক স্বাস্থ্য আবাসন সম্প্রসারণের জন্য **890 মিলিয়ন ডলার**।
- নিউ ইয়র্ক কমিউনিটিগুলিকে প্রশ্রুত পানি সরবরাহে সহায়তা করতে অনুদান খাতে **500 মিলিয়ন ডলার**। এই অর্থায়নের চক্র একাধিক-বছর ধরে 5 বিলিয়ন ডলার করে দিয়ে সম্পূর্ণ করা হবে।
- বেলমন্ট পুনরুন্নয়ন (Belmont Redevelopment) প্রকল্পের জন্য মূলধনী খাতে **455 মিলিয়ন ডলার**।
- পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund)। এর জন্য **400 মিলিয়ন ডলার**, যা গত বছরের বাজেটের সাথে সংগতিপূর্ণ - ইতিহাসে এখনও পর্যন্ত সর্বোচ্চ বরাদ্দ।
- সাউথ শোর স্ট্যাটেন আইল্যান্ড সীওয়ালকে (South Shore Staten Island Seawall) অর্থ সাহায্য করতে **224 মিলিয়ন ডলার**।
- আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলির (Regional Economic Development Council) জন্য **150 মিলিয়ন ডলার**
- নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির (New York City Housing Authority) জন্য **135 মিলিয়ন ডলার**।
- স্টেট এমারজেন্সি অপারেশন সেন্টার (State Emergency Operations Center), যেটি সমস্ত মুখ্য আপৎকালীন পরিস্থিতির সময় প্রস্তুতি এবং প্রতিক্রিয়ার কার্যকলাপগুলির সমন্বয় সাধন করার একটি কেন্দ্র হিসেবে কাজ করে, সেটি আপগ্রেড করতে **105 মিলিয়ন ডলার**।

- স্টেট পুলিশের জন্য একটি নতুন স্যাটেলাইট ক্রাইম ল্যাবরেটরি ক্রয় ও সংস্কার করতে **100 মিলিয়ন ডলার**। এই নতুন কেন্দ্রটি ফরেন্সিক ইনভেস্টিগেশন সেন্টারের (Forensic Investigation Center) ওপর অত্যাধিক চাপ কমাবে এবং বন্দুক নিয়ে সহিংসতার ঘটনা প্রতিরোধের উদ্যোগে সহায়তা করবে।
- স্টেট ব্যাপী 10টি কমিউনিটিতে বাড়ি মেরামতের জন্য অর্থায়ন করবে যা দুর্দশার উচ্চ স্তরে আছেন বলে চিহ্নিত নিম্ন-আয়ের অশ্বেতাঙ্গ বাড়ির মালিকদের বাড়ি মেরামত করতে অর্থসাহায্য করার জন্য একটি হোমওউনার স্টেবিলাইজেশন ফান্ডে (Homeowner Stabilization Fund) **50 মিলিয়ন ডলার**। কর্মসূচিটি জুলাই 2022-এ গভর্নর হোকলের ঘোষণা করা 10 মিলিয়ন ডলারের বাফেলো ইষ্ট হোমওউনার ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (Homeowner Improvement Program), যা অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলিতে থাকা নিম্ন-আয়ের বাড়ির মালিকদের 35,000 ডলার পর্যন্ত অনুদান মঞ্জুর করেছিল, তার অনুকরণে করে।।
- নিউ ইয়র্ক চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকোয়ারিয়াকে সহায়তা করতে মোট **30 মিলিয়ন ডলার** তহবিল প্রদান। সেটি অর্থবছর 2024-এ অন্তর্ভুক্ত পরিবেশ সুরক্ষা তহবিল (Environmental Protection Fund)। এর জন্য 400 মিলিয়ন ডলার থেকে 20 মিলিয়ন ডলারকে অন্তর্ভুক্ত করে।
- ম্যামারোনেক এবং শেলড্রেক নদী বন্যার ঝুঁকি পরিচালনা প্রকল্পের (Mamaroneck and Sheldrake River Flood Risk Management Project) চূড়ান্ত ডিজাইন এবং নির্মাণের জন্য **17.5 মিলিয়ন ডলার**।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418